

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

নং ১৪.০০.০০০০.০১২.০১৪.০২৩.১৫-১৯৯—ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন  
বিটিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল বাংলাদেশের জন্য ওয়্যারলেস ব্রেডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন”  
শীর্ষক প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য দিক নির্দেশনা প্রদান, অগ্রগতির মূল্যায়ন এবং  
সমস্যাসমূহের সমাধানের শিমিতে স্টিয়ারিং কমিটি নিম্নরূপে গঠন করা হলো।

(ক) কমিটির গঠন :

(১)	সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	আহ্বায়ক ও সভাপতি
(২)	ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল	সদস্য
(৩)	যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য
(৪)	পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি	সদস্য
(৫)	পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি	সদস্য
(৬)	পরিকল্পনা বিভাগের সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি	সদস্য
(৭)	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি	সদস্য
(৮)	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি	সদস্য
(৯)	অর্থ বিভাগের প্রতিনিধি	সদস্য
(১০)	প্রকল্প পরিচালক, “ডিজিটাল বাংলাদেশের জন্য ওয়্যারলেস ব্রেডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন” প্রকল্প	সদস্য
(১১)	প্রধান কর্মাধ্যক্ষ (পরিকল্পনা ও উন্নয়ন), বিটিসিএল	সদস্য
(১২)	সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য-সচিব

( ৫৮০৭ )

মূল্য : টাকা ৮.০০

## (খ) কমিটির কার্যপরিধি :

- (ক) প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করা;
- (খ) প্রকল্প বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিত করা ও সমস্যা সমাধান করা;
- (গ) প্রকল্পের অর্জিত অগ্রগতি মূল্যায়ন করা;
- (ঘ) প্রকল্পের মনিটরিং কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা করা;
- (ঙ) কমিটি প্রয়োজনে সদস্য সহ-যোজন (Co-opt) করতে পারবে।

২। প্রতি ৩ (তিনি) মাসে একবার এই কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ প্রয়োজনে সভাপতি জরুরী সভা আহ্বান করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নূরুল নাহার  
সহকারী প্রধান।